



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

Phone: 024777-52920

Email: pccollege1918@gmail.com

pccollegepr@yahoo.com

EIN: 114830

www.pc.college.gov.bd

নং ৩৮

তারিখ: ১৬.০২.২০২৫ খ্রি.

সমন্বিত উপবৃত্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

অত্র কলেজের একাদশ শ্রেণির (শিক্ষাবর্ষঃ ২০২৪-২০২৫) নিয়মিত শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচীর আওতায় উপবৃত্তিযোগ্য শিক্ষার্থী নির্বাচন করার জন্য শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা হচ্ছে। শিক্ষার্থীরা নির্ধারিত আবেদন ফরম কলেজ হতে সংগ্রহ ও পূরণের মাধ্যমে আবেদন করবে এবং প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ৬২০২ নং কক্ষে নিম্নোক্ত সময়সূচী অনুসারে জমা দিবে-

বিভাগ	ফরম জমার তারিখ ও বার	ফরম জমার সময়
বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক	২০.০২.২০২৫ খ্রি. বৃহস্পতিবার	সকাল ৯.০০ থেকে দুপুর ১.৩০

আবেদনের শর্তঃ

(ক) আবেদনের জন্য শিক্ষার্থীর অবশ্যই অনলাইন জন্মনিবন্ধন সনদ(১৭ ডিজিটের নম্বর) থাকতে হবে।

(খ) শিক্ষার্থীর অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে অভিভাবকের নামে খোলা সচল মোবাইল ব্যাংকিং এর “নগদ” একাউন্ট থাকতে হবে।

(গ) শিক্ষা বোর্ড কতৃক মেধা/সাধারণ বৃত্তি প্রাপ্ত, শিক্ষা ভাতা গ্রহনকারী অথবা অন্য কোনো সরকারি উৎস হতে বৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

১। নির্ধারিত পূরণকৃত ফরম।

(১৭.০২.২৫, ১৮.০২.২৫ ও ১৯.০২.২০২৫ তারিখ গণিত বিভাগ থেকে আইডি কার্ড প্রদর্শন করে ফরম সংগ্রহ করবে)

২। আইডি কার্ড বা একাদশ ভর্তি ফি জমার পেমেন্ট স্লিপ এর ফটোকপি।

৩। শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদ (১৭ ডিজিট) এর ফটোকপি।

৪। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি।

৫। শিক্ষার্থীর পিতার এবং মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৬। পিতা-মাতার অনুপস্থিতিতে অন্য কোনো ব্যক্তিকে অভিভাবক নির্বাচিত করলে তার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।

৭। শিক্ষার্থী মুক্তিযোদ্ধার প্রজন্ম হলে বীর মুক্তিযোদ্ধার নাম, সম্পর্ক এবং সংশ্লিষ্ট প্রমাণপত্রের ফটোকপি।

৮। শিক্ষার্থী বা তাঁর অভিভাবক শারিরিক প্রতিবন্ধীতার কার্ড থাকলে তাঁর প্রমাণপত্রের ফটোকপি।

৯। শিক্ষার্থী বা তাঁর অভিভাবক বা পরিবারের অন্য কোনো সদস্য জন্মগতভাবে বা দীর্ঘমেয়াদী কোনো রোগে ভুগলে তাঁর প্রমাণপত্রের ফটোকপি।

১০। শিক্ষার্থীর অভিভাবকের ভিজিডি/ভিজিএফ/বয়স্ক ভাতা/বিধবা ভাতা/স্বামী পরিত্যক্তা প্রভৃতি কার্ড থাকলে তাঁর প্রমাণপত্রের ফটোকপি।

বি.দ্র. কলেজ কতৃপক্ষ যোগ্য শিক্ষার্থীদের তথ্য অনলাইনে HSP ডেটাবেজে এন্ট্রি দিবে যা উপবৃত্তির নিশ্চয়তা প্রদান করে না।

শিক্ষার্থীর সকল সূচকসমূহ শিক্ষা সহায়তা ট্রাস্ট কতৃপক্ষ যাচাই-বাছাই এর মাধ্যমে উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নির্বাচিত করবে।

উপবৃত্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগঃ

তৌহিদ আল রাজিব, সহকারী অধ্যাপক (গণিত), ০১৭২১৩৮৬৯৪১ (সকাল ৯.০০ হতে বিকাল ৫.০০)

১৬

১৬.০২.২৫

প্রফেসর শেখ জিয়াউল ইসলাম

অধ্যক্ষ

সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট

প্রফেসর শেখ জিয়াউল ইসলাম

আইডি নং-০১১৫

সরকারি প্রফুল্ল চন্দ্র কলেজ, বাগেরহাট